

জেনারেল বন্ড কি?

শুল্ক আইনের কত ধারায়

**জেনারেল বন্ড প্রয়োজন, এর
শ্রেণীবিন্যাস, মেয়াদ ও গ্রহণ
পদ্ধতি কি ?**

বঙ্গেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮-এ জেনারেল বন্ডকে নিম্নরূপভাবে সংজ্ঞায়িত করা হয়েছে :-

(ক) “ জেনারেল বন্ড অর্থ আইনের ধারা ৮৬(৩) এর বিধান মোতাবেক লাইসেন্সি কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহিত সম্পাদিত ডিউটি ও রিস্ক বঙ্গের সমন্বয়ে একটি সাধারণ বন্ড যাহা লাইসেন্সী কর্তৃক বঙ্গের আওতায় আমদানিকৃত পণ্য খালাস, অনুমোদিত বন্ড গুদামে সংরক্ষন ও ব্যবহারের জন্য নির্দেশিত অংকের অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করিয়া থাকে।”

(খ) বঙ্গেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধি ১২ অনুযায়ী জেনারেল বন্ড সম্পাদন ও লাইসেন্স প্রাপ্তির পর লাইসেন্সি শুল্ককর পরিশোধ ব্যতিরেকে কাঁচামাল আমদানি গুদামজাত করণ, ব্যবহার ও রপ্তানি করতে পারবেন এবং এই ক্ষেত্রে জেনারেল বন্ডের পরিমাণ নিম্নরূপ নির্দিষ্ট হবে, যথা -

- (১) প্রচল্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য ০১(এক) কোটি টাকার জেনারেল বন্ড;
- (২) যুগপৎ প্রচল্ন ও সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য ০২(দুই) কোটি টাকার জেনারেল বন্ড;
- (৩) সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য ০৩(তিনি) কোটি টাকার জেনারেল বন্ড;
- (৪) ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি এবং ডিউটি পেইড প্রতিষ্ঠানের জন্য ০৩(তিনি) কোটি টাকার জেনারেল বন্ড। তবে শর্তারোপ আছে যে, লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আমদানি রপ্তানির ব্যাপকতা বিবেচনা করে জেনারেল বন্ডের পরিমাণ বৃদ্ধি করতে পারবেন।
- (গ) প্রচলিত নিয়মানুযায়ী সরাসরি পোষাক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক তিনি বছর মেয়াদী জেনারেল বন্ড গ্রহণ করা হয়ে আসছে। সরাসরি পোষাক শিল্প ব্যতীত সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে এক বছর মেয়াদী জেনারেল বন্ড প্রযোজ্য আছে।